## মঞ্জুরি নং- ১৮

# ১২০ - সশস্ত্র বাহিনী বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ৪৩,৯০,০০ | ৪৬,১০,০০ | ৪৮,৪০,০০ |
| উন্নয়ন ব্যয় | ০ | ০ | ০ |
| **মোট** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |
| | | | |
| আবর্তক | ৩৮,৮২,০০ | ৪০,৭২,৫৬ | ৪২,৪৪,৫৬ |
| মূলধন | ৫,০৮,০০ | ৫,৩৭,৪৪ | ৫,৯৫,৪৪ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

প্রতিরক্ষা নীতি প্রণয়নসহ বাহিনীত্রয় ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ এবং সমন্বয়ের মাধ্যমে সশস্ত্র বাহিনীর দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ প্রতিরক্ষা নীতি প্রণয়ন;

১.২.২ যুদ্ধ, জাতিসংঘ মিশন, প্রাকৃতিক দুর্যোগ ও জাতীয় প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তার ক্ষেত্রে সশস্ত্র বাহিনী মোতায়েন;

১.২.৩ প্রতিরক্ষা বাহিনীর ক্রয়নীতি প্রণয়ন এবং ক্রয় কার্যক্রম নিয়ন্ত্রণ ও সমন্বয়;

১.২.৪ দেশে ও বিদেশে সশস্ত্র বাহিনীর সকল প্রশিক্ষণ ও অপারেশন কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন, নিয়ন্ত্রণ ও সমন্বয়;

১.২.৫ আন্তঃবাহিনী সংস্থাসমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ ও সমন্বয়;

১.২.৬ বেসামরিক প্রশাসন ও সশস্ত্র বাহিনীর মধ্যে সম্পর্কের উন্নয়ন;

১.২.৭ সশস্ত্র বাহিনীর কর্নেল/সমতুল্য ও তদূর্ধ্ব পদের নিয়োগ ও পদোন্নতি;

১.২.৮ যৌথ গোয়েন্দা কার্যক্রম পরিকল্পনা ও পরিচালনার সমন্বয়।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ ও জাতীয় প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তার লক্ষ্যে সশস্ত্র বাহিনীর দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি | • জাতীয় প্রয়োজনে সিভিল প্রশাসনকে সহায়তা প্রদান সংক্রান্ত গাইড লাইন প্রণয়ন ও সমন্বয়<br>• অপারেশন, গোয়েন্দা, প্রশিক্ষণ এবং প্রশাসনিক কার্যক্রমের পরিকল্পনা ও সমন্বয় | • সশস্ত্র বাহিনী বিভাগ |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সশস্ত্র বাহিনীর ভাবমূর্তি বৃদ্ধি | • রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি বাস্তবায়ন<br>• জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রেরণে সমন্বয় | |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ ও জাতীয় প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তার লক্ষ্যে সশস্ত্র বাহিনীর দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

#### ৩.১.২ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সশস্ত্র বাহিনীর ভাবমূর্তি বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

### ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৩৩,১৪,৪৫ | ৩৬,৫৪,২০ | ৩৬,৫৪,২০ |
| নারী উন্নয়ন | ৩,১৩,০১ | ৩,৪৪,৩৮ | ৩,৪৪,৩৮ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন, অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয়:**<br>সশস্ত্র বাহিনীর যুগোপযোগী আধুনিকায়ন এবং একইসাথে আধুনিক যুদ্ধাস্ত্র ও নিরাপত্তা কৌশল রপ্ত করার লক্ষ্যে তিন বাহিনীর সমন্বিত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন অত্যন্ত জরুরি। আধুনিক যুদ্ধাস্ত্র, রণকৌশল ও প্রশিক্ষণ সশস্ত্র বাহিনীর সক্ষমতা বৃদ্ধি করবে এবং বেসামরিক প্রশাসনকে সহায়তার ক্ষেত্রে এদের অংশগ্রহণকে আরও ফলপ্রসূ করবে। এ বিবেচনায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ ও জাতীয় প্রয়োজনে সিভিল প্রশাসনকে সহায়তার লক্ষ্যে সশস্ত্র বাহিনীর দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি |
| **২. আন্তর্জাতিক রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি বাস্তবায়ন:**<br>বাংলাদেশ আন্তর্জাতিক রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তিতে স্বাক্ষর করেছে বিধায় দেশের সকল পর্যায়ে রাসায়নিক অস্ত্র সংগ্রহ ও ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণের নিমিত্ত এ বিষয়ে সাংগঠনিক দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি ও যথাযথ প্রশিক্ষণ প্রদানকে অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হয়েছে। | • জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সশস্ত্র বাহিনীর ভাবমূর্তি বৃদ্ধি |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ডিফেন্স সার্ভিসেস | ৪৭,০০,০০ | ৪০,৩৯,২৯ | ৪৩,৯০,০০ | ৪৬,১০,০০ | ৪৮,৪০,০০ |
| **সর্বমোট :** | **৪৭,০০,০০** | **৪০,৩৯,২৯** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৯,৩২,০১ | ১৯,৫৩,৫০ | ২০,৬৪,৬৮ | ২০,৮২,৭৬ | ২১,০৫,৮১ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২,৮৪,৯০ | ২,৬৬,০০ | ২,৯৬,৪৪ | ৩,৩০,০৫ | ৩,৪৭,৮০ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৪৮,০০ | ৪৮,০০ | ৫০,০০ | ৫০,০০ | ৫০,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ২,০৯,৯০ | ১,০৯,৯০ | ১,২০,০০ | ২,২৬,০০ | ২,৫২,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১,৩৫,০০ | ১,২০,০০ | ১,৪০,০০ | ১,৫০,০০ | ১,৬০,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১,২৫,০০ | ১,২৫,০০ | ১,৩৪,০০ | ১,৬৩,০০ | ১,৬৫,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ২,৪৬,৭৫ | ২,৪৮,৭০ | ২,৫০,০০ | ২,৮১,১০ | ২,৯৭,৫৫ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৬,৯২ | ৬,৪২ | ৯,১৮ | ১০,০০ | ১০,১০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৩,৪৭,৭৫ | ২,৭১,৫০ | ৩,১২,০০ | ৩,৪০,৫৫ | ৩,৮৯,৮০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৩,৮৩,২৭ | ৩,৭৩,২৭ | ৩,৮০,৭০ | ৪,১৩,০০ | ৪,৩৭,৪০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২০,০০ | ২০,০০ | ২৫,০০ | ২৬,১০ | ২৯,১০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ২,৩৪,০০ | ০ | ১,০০,০০ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৩৯,৭৩,৫০** | **৩৫,৪২,২৯** | **৩৮,৮২,০০** | **৪০,৭২,৫৬** | ৪২,৪৪,৫৬ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৪,৫২,০০ | ০ | ২,০০,০০ | ২,২২,৬৯ | ২,৬৪,৫৪ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১,৬৮,৫০ | ৩,৯৭,০০ | ২,৩৪,৫০ | ২,৪৫,৭৫ | ২,৫৬,৪০ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১,০৬,০০ | ১,০০,০০ | ৭৩,৫০ | ৬৯,০০ | ৭৪,৫০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৭,২৬,৫০** | **৪,৯৭,০০** | **৫,০৮,০০** | **৫,৩৭,৪৪** | ৫,৯৫,৪৪ |
| | **সর্বমোট :** | **৪৭,০০,০০** | **৪০,৩৯,২৯** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | ৪৮,৪০,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. সমন্বিত প্রশিক্ষণ কার্যক্রমের পরিসর | ১ | কোর্স সংখ্যা | ৮৭০ | ৩৬৪ | ৯১০ | ৯১৫ | ৯৫৫ | ৯৭০ | ৯৭৫ |
| ২. জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর হার | ২ | % | ১০.০৫ | ১০.০৫ | ১০.৫০ | ১০.২৩ | ১০.৫০ | ১০.৭০ | ১০.৯০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সশস্ত্র বাহিনী বিভাগ

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে সিভিল প্রশাসনকে সহায়তাসহ পুনর্বাসন কার্যক্রমে সশস্ত্র বাহিনীর মোট ৭৪৬টি ইউনিট মোতায়েন রয়েছে। একই সময়ে দেশে ও বিদেশে সশস্ত্র বাহিনীর ৯১৫ টি প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে ২,১৭০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান, বাংলাদেশ রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি বাস্তবায়নে ২৮টি সেমিনার/কনফারেন্স/প্রশিক্ষণের আয়োজন/অংশগ্রহণ করা হয়েছে। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সশস্ত্র বাহিনীর ৫,৪৮৭ জন সদস্য প্রেরণের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. জাতীয় প্রয়োজনে সিভিল প্রশাসনকে সহায়তা প্রদান | পুনর্বাসন ও বেসামরিক প্রশাসনকে সহায়তার কার্যক্রমে নিয়োজিত ইউনিট/দল | ১ | সংখ্যা | ৭২৯ | ৭২৯ | ৭২৫ | ৭৪৬ | ৭৬৬ | ৬৭১ | ৬৮৫ |
| ২. অপারেশন, গোয়েন্দা, প্রশিক্ষণ এবং প্রশাসনিক কার্যক্রমের পরিকল্পনা ও সমন্বয় | প্রশিক্ষিত সামরিক সদস্য | ১ | সংখ্যা | ২০০০ | ৫০৫ | ২১৫০ | ২১৭০ | ২১৯০ | ২২১০ | ২২১০ |
| ৩. রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি বাস্তবায়ন | সেমিনার/ কনফারেন্স/ প্রশিক্ষণ আয়োজন | ২ | সংখ্যা | ২৬ | ২৬ | ২৭ | ২৭ | ৩০ | ৩০ | ৩০ |
| | সেমিনার/ কনফারেন্স/ প্রশিক্ষণ অংশগ্রহণ | | | ২৬ | ২৬ | ২৭ | ২৭ | ২৮ | ৩০ | ৩০ |
| ৪. জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সশস্ত্র বাহিনী প্রেরণে সমন্বয় | অর্জিত আয় | ২ | মিলিয়ন ডলার | ১৭৫ | ১৫৩ | ১৮০ | ১৮০ | ১৮৫ | ১৯০ | ১৯৫ |
| | প্রেরিত সদস্য | | সংখ্যা (হাজার) | ৫.৫৮ | ৫.৫৮ | ৫.৮০ | ৫.৫০ | ৫.৫৫ | ৫.৭৬ | ৫.৮৭ |

### ৬.১.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২০০১০১ - ডিফেন্স সার্ভিসেস | ১-৪ | ৩৪,১৬,০৩ | ৪৭,০০,০০ | ৪০,২৪,৫৪ | ৪৩,৯০,০০ | ৪৬,১০,০০ | ৪৮,৪০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩৪,১৬,০৩** | **৪৭,০০,০০** | **৪০,২৪,৫৪** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩৪,১৬,০৩** | **৪৭,০০,০০** | **৪০,২৪,৫৪** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |
| মোট : | | **৩৪,১৬,০৩** | **৪৭,০০,০০** | **৪০,২৪,৫৪** | **৪৩,৯০,০০** | **৪৬,১০,০০** | **৪৮,৪০,০০** |